



লেনদেন নিয়ে বিরোধে এনসিপির দুই গ্রুপের সংঘর্ষ, আহত ২



সংঘাতিত ছবি

রাজধানীর শাহবাগে লেনদেন সংক্রান্ত পুরনো বিরোধের জেরে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) দুই গ্রুপের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে বংশাল থানার এক কর্মী আহত হয়েছেন।

ঘটনাটি ঘটে শুক্রবার (২৪ অক্টোবর) সন্ধ্যায় শহীদ আবু সাঈদ কনভেনশন হলের দ্বিতীয় তলায়। ওই সময় ভবনের তৃতীয় তলায় এনসিপির ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণসহ জেলা ইউনিটের সমন্বয় সভা চলছিল। প্রায় সন্ধ্যা সোয়া ৬টার দিকে নিচতলায় মোহাম্মদপুর ও বংশাল থানা ইউনিটের কর্মীদের মধ্যে তর্ক-বিতর্ক শুরু হয়, যা কিছুক্ষণের মধ্যেই সংঘর্ষে রূপ নেয়।

স্থানীয় সূত্রে জানা গেছে, প্রায় তিন মাস আগে বংশাল থানার কয়েকজন নেতা মোহাম্মদপুরে একটি বেসরকারি প্রতিষ্ঠানের সঙ্গে আর্থিক বিষয়ে আলোচনায় যান। বিষয়টি তারা মহানগর উত্তরের নেতা শোয়েবকে অবহিত করলে তিনি মোহাম্মদপুর থানা এনসিপির নেতা রিয়ানকে সহায়তার নির্দেশ দেন।

অভিযোগ অনুযায়ী, রিয়ান সেই সময় বংশাল থানার নেতাদের কাছ থেকে দুই লাখ টাকা নেন। কিন্তু পরবর্তীতে টাকা ফেরত না দিয়ে উল্টো তাদের আটকে রাখার চেষ্টা করেন। পরে বংশালের নেতারা কৌশলে সেখান থেকে বের হয়ে আসেন। এরপর একাধিকবার রিয়ানের সঙ্গে যোগাযোগ করলেও টাকা ফেরত পাননি তারা।

শুক্রবার কনভেনশন হলে রিয়ানকে দেখতে পেয়ে বংশাল থানা ইউনিটের কয়েকজন নেতা টাকা ফেরতের দাবি তোলেন। এ নিয়ে দু'পক্ষের মধ্যে তর্কাতর্কি শুরু হলে এক পর্যায়ে তা হাতাহাতি ও পরে সংঘর্ষে রূপ নেয়। সংঘর্ষে ইউসুফ নামে বংশাল থানা এনসিপির দুই কর্মী আহত হন।